জান্নাতে একটি বাজার হবে, যেখানে জান্নাতীগণ প্রত্যেক শুক্রবার আসবে।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “জান্নাতে একটি বাজার হবে, যেখানে জান্নাতীগণ প্রত্যেক শুক্রবার আসবে। তখন উত্তর দিক থেকে বায়ু প্রবাহিত হবে, যা তাদের চেহারায় ও কাপড়ে সুগন্ধ ছড়িয়ে দেবে। ফলে তাদের শোভা-সৌন্দর্য আরো বেড়ে যাবে। অতঃপর তারা রূপ-সৌন্দর্যের বৃদ্ধি নিয়ে
তাদের স্ত্রীগণের কাছে ফিরবে। তখন তাদের পরিবারের লোকেরা তাদেরকে দেখে বলবে,
‘আল্লাহর কসম! আপনাদের রূপ-সৌন্দর্য বেড়ে গেছে!’ তারাও বলে উঠবে, ‘আল্লাহর শপথ!
আমাদের যাবার পর তোমাদেরও রূপ-সৌন্দর্য বেড়ে গেছে!”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হাদীসটি আমাদেরকে অবহিত করছে যে, জান্নাতীদেরকে বিভিন্ন ধরনের নি‘আমত দ্বারা সম্মানিত করা হবে, সময় ও যুগের বিবর্তনে জান্নাতে তারা অপরূপ সৌন্দর্য ও অনেক নে‘আমত অর্জন করবে, আর তাদের খুশি করার লক্ষে জান্নাতে তাদের জন্য স্থাপন করা হবে অসংখ্য বাজার ও মিলন মেলা। অনুরূপভাবে তাদের থাকবে নজীরবিহীন রূপ ও সৌন্দর্য যার কোনো দৃষ্টান্ত বা উপমা নেই। সে সৌন্দর্য প্রতিনিয়ত নব নব রূপে আবর্তিত হবে এবং বৃদ্ধি পেতে থাকবে।

https://sunnah.global/hadeeth/bn/show/8353